

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪১. যে রাতটি লাইলাতুল কদর হবে সেটি বুঝার কি কোন আলামত আছে?

হ্যাঁ! সে রাতের কিছু আলামত হাদীসে বর্ণিত আছে। সেগুলো হলো:

- ১. রাতটি গভীর অন্ধকারে ছেয়ে যাবে না।
- ২, নাতিশীতোষ্ণ হবে অর্থাৎ গরম বা শীতের তীব্রতা থাকবে না।
- ৩. মৃদুমন্দ বাতাস প্রবাহিত হতে থাকবে।
- ৪. সে রাতে ইবাদত করে মানুষ অপেক্ষাকৃত অধিক তৃপ্তিবোধ করবে।
- ৫. কোন ঈমানদার ব্যক্তিকে আল্লাহ স্বপ্নে হয়তো তা জানিয়েও দিতে পারেন।
- ৬. ঐ রাতে বৃষ্টি বর্ষণ হতে পারে।
- ৭. সকালের হালকা আলোকরশ্মিসহ সূর্যোদয় হবে। যা হবে পূর্ণিমার চাঁদের মতো। (সহীহ ইবনে খুযাইমাহ- ২১৯০, বুখারী- ২০২১, মুসলিম- ৭৬২ নং হাদীস)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15226

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন